মেহেরপুরে পরিত্যক্ত বোমা বিস্ফোরণে কৃষক আহত

মেহেরপুরের শোলমারী গ্রামের একটি আমবাগানে পরিত্যক্ত বোমা বিস্ফোরণে এক কৃষক অহত হয়েছেন। আহত কৃষক সোহানুর রহমান সোহান(৩৫) সদর উপজেলার শোলমারী গ্রামের হামিদুল ইসলামের ছেলে।

বুধবার (৩ জানুয়ারি) সকাল সাড়ে ১০ টার দিকে শোলমারী গ্রামের ঈদগাহ পাড়ার হয়জদ্দিনের আম বাগানে এই ঘটনা ঘটে। বোমা বিস্ফোরণের আওয়াজ শুনে এলাকাবাসী এগিয়ে এসে আহত সোহানকে মুমূর্ষু অবস্থায় উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে যায়। অবস্থা গুরুতর হওয়াতে কর্তব্যরত চিকিৎসক তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

তবে ঘটনাস্থলটি মাদকের অভয়ারণ্য হওয়াতে এবং এলাকাটিতে জাতীয় সংসদ নির্বাচন কেন্দ্রিক উত্তেজনা থাকাতে জনমনে নানা প্রশ্ন দেখা দিয়েছে।

আরিফ নামের স্থানীয় এক কৃষক বলেন, প্রতিদিনের ন্যায় আজকেও সোহান তার কৃষি জমিতে যাচ্ছিল। পথে হয়জদ্দিনের আম বাগানের ভিতর দিয়ে যাওয়ার সময় গাছে নিচে পড়ে থাকা দড়ি দিয়ে বাঁধা প্লাস্টিকের একটি ব্যাগে পা পড়ে। এসময় বিকট বিস্ফোরনের শব্দ হয়। পরে আমরা গিয়ে তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে আসি।

এ বিষয়ে মেহেরপুর জেলার অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস্) আহসান খান বলেন, ‘আমরা এখন ঘটনাস্থল পরিদর্শন করছি। এখনই কোন মন্তব্য করা ঠিক হবে না। তদন্ত সাপেক্ষে প্রকৃত ঘটনা উদঘাটন হবে এবং পরবর্তী ব্যবস্থা নেয়া হবে।’

গাংনীর ধানখোলাতে বজ্রপাতে

কৃষক আহত

গাংনী উপজেলার ধানখোলা গ্রামে বজ্রপাতে রেজাউল হক (৫০) নামের এক কৃষক আহত হয়েছেন। আহত রেজাউল ধানখোলা গ্রামের আব্দুর রাজ্জাকের ছেলে।

আজ মঙ্গলবার দুপুর পৌনে ২ টার দিকে এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, দুপুরের দিকে আকাশ থেকে বৃষ্টি হচ্ছিল। বৃষ্টির সময় রেজাউল গ্রামের একটি মাঠে ধান কেটে বাড়ি ফিরছিলেন। এসময় বিকট শব্দে তার নিকটে বজ্রপাত হয়। এসময় তিনি জ্ঞান হারিয়ে ফেলেন। মাঠের অন্যান্য কৃষকরা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেন।

মেহেরপুরে ইজিবাইকের ধাক্কায় কৃষক আহত

মেহেরপুর সদর উপজেলার ঝাউবাড়িয়া গ্রামে বিদ্যুৎচালিত অটোবাইকের ধাক্কায় হামিদুল ইসলাম (৩৫) নামের এক কৃষক মারাত্বক আহত হয়েছেন।

আহত হামিদুল ইসলাম ঝাউবাড়িয়া গ্রামের জিল্লুর রহমানের ছেলে। আজ রবিবার (২৩ অক্টোবর) বিকাল ৫ টার দিকে এই সড়ক দুর্ঘটনাটি ঘটে। দুর্ঘটনায় হামিদুলের মুখ ও হাতে পায়ের বিভিন্ন স্থানে জখম হয়েছে।

আহত হামিদুল বর্তমানে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি রয়েছেন।

হামিদুল জানান, মেহেরপুর থেকে কাঁচা ঝাল বিক্রি করে বাড়ি ফিরছিলেন তিনি। ঝাউবাড়িয়া প্রাথমিক বিদ্যালয়ের সামনে পৌছানো মাত্রই বিপরীত দিক থেকে আসা একটি দ্রতগামী ইজিবাইক তাকে ধাক্কা দিয়ে পালিয়ে যায়। স্থানীয়রা উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে ভর্তি করে।

[redacted]

[redacted]